মেহেরপুরে জেলা পর্যায়ে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতার উদ্বোধন

মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসের উদ্যোগে জেলা পর্যায়ের জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতার উদ্বোধন করা হয়েছে।

গতকাল রোববার সকালে জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতার উদ্বোধন করেন মেহেরপুরের জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সুকুমার রায়ের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) পার্থ প্রতিম শীল।

অনুষ্ঠানে জেলা প্রশাসন ও প্রাথমিক শিক্ষা বিভাগের বিভিন্ন কর্মকর্তা, শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবকরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জেলা পর্যায়ে এইচপিভি টিকাদান কার্যক্রম অবহিতকরণ সভা

মেহেরপুরে জেলা পর্যায়ে “এইচপিভি টিকাদান কার্যক্রম ২০২৪” সম্পর্কে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (২২অক্টোবর) সকাল সাড়ে ১১ টার দিকে জেলা তথ্য অফিসারের সম্মেলন কক্ষে এ অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা তথ্য অফিস আয়োজিত অবহিতকরণ সভায় জেলা তথ্য

অফিসার আব্দুল্লাহ্ আল মামুনের সভাপতিত্বে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন- জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রুহুল আমিন, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীর, সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক, সাংবাদিক দিলরুবা খাতুন, মাঝিপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুৎ ছবি বিশ্বাস, শিক্ষার্থী মৌসুফা ইসলাম প্রমুখ।

মেহেরপুরে জেলা পর্যায়ে “এইচপিভি টিকাদান কার্যক্রম ২০২৪” সম্পর্কে অবহিতকরণ সভায় বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীরা উপস্থিত ছিল।

ঝিনাইদহে এইচআইভি প্রতিরোধ জেলা পর্যায়ে মতবিনিময় ও পরামর্শ সভা

ঝিনাইদহে সুইয়ের মাধ্যমে মাদক গ্রহণকারী এবং তাদের যৌনসঙ্গীদের জন্য সমন্বিত এইচআইভি প্রতিরোধ ও চিকিৎসা কার্যক্রম বিষয়ে জেলা পর্যায়ে মতবিনিময় ও পরামর্শ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে ঝিনাইদহ সদর হাসপাতালের সম্মেলন কক্ষে এ সভার আয়োজন করে মুক্ত আকাশ বাংলাদেশ নামের একটি উন্নয়ন সংস্থা।

সভায় সদর হাসপাতালের তত্বাবধায়ক ডা: সৈয়দ রেজাউল ইসলাম, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক গোলক মজুমদার, সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা: গুলশান আরা, শিশু রোগ বিশেষজ্ঞ ডা আনোরুল ইসলাম।

অনুষ্ঠানে মুল প্রবন্ধ উপস্থাপনা করেন মুক্ত আকাশ বাংলাদেশের এম এন্ড অফিসার সেলিমুজ্জামান। পরিচালনা করেন মুক্ত আকাশ বাংলাদেশের ঝিনাইদহের ম্যানেজার সুকেশ চন্দ্র মন্ডল। সভায় মাদকদ্রব্যের কুফল তুলে ধরে এইচআইভি এইডস রোধে সকলকে সচেতন করার আহ্বান জানান। সেই সাথে এইচআইভিতে আক্রান্ত রোগীদের মানবিক অধিকারে কাজ করার

পরামর্শ দেন।

তৃতীয় বারের মতো চুয়াডাঙ্গা জেলা পর্যায়ে শ্রেষ্ঠ রোভার সাকিব বিশ্বাস

জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৪ চুয়াডাঙ্গা জেলা পর্যায়ে শ্রেষ্ঠ রোভার হয়েছেন আল মুতাকাব্বির সাকিব।

চুয়াডাঙ্গা সরকারি কলেজের হিসাববিজ্ঞান বিভাগের ৩য় বর্ষের ছাত্র আল মুতাকাব্বির সাকিব চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউটস গ্রুপের সিনিয়র রোভার মেট ও প্রাক্তন চুয়াডাঙ্গা জেলা সিনিয়র রোভার মেট প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করছেন।

এর আগে ২০২২ ও ২০২৩ সালেও তিনি জেলা পর্যায়ে শ্রেষ্ঠ রোভার হিসেবে শ্রেষ্ঠত্ব অর্জন করেন। চুয়াডাঙ্গা সদরের হায়দার পুর গ্রামের শহিদুল ইসলাম ও সাবিনা ইয়াছমিন দম্পতির দুই মেয়ে ও একমাত্র ছেলে সাকিব। তার এই অর্জনে পিতা মাতার উৎসাহ ও উদ্দীপনা এবং চুয়াডাঙ্গা জেলা রোভারের সম্পাদক প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ সহ জেলা রোভারের কর্মকর্তাদের উপর কৃতজ্ঞতা প্রকাশ করেন।

আগামীকাল ১২মে চুয়াডাঙ্গা জেলাকে প্রতিনিধিত্ব করে খুলনা বিভাগীয় পর্যায়ের শ্রেষ্ঠত্ব লড়াইয়ে অংশগ্রহণ করবেন তিনি। আগামী দিনগুলোর জন্য তিনি দেশবাসীর নিকট দোয়া কামনা করেন।

জেলা পর্যায়ে সন্ধানী ও জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের সাফল্য

মেহেরপুর জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ ও জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৩ এর পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। গাংনীর সন্ধানী ও জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের নানা সাফল্যের চিত্র তুলে ধরা হলো।

আজ বুধবার সকালের দিকে জেলাপ্রশাসক মোঃ আজিজুল ইসলাম তাঁর সম্মেলন কক্ষে বিভিন্ন ক্যাটাগরিতে জেলার শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক, শ্রেষ্ঠ স্কাউট, শ্রেষ্ঠ গার্লস গাইড, শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান ও সাংস্কৃতিক ইভেন্টে শ্রেষ্ঠদের মাঝে ক্রেস্ট, সার্টিফিকেট ও প্রাইজমানি প্রদান করেন।

এবছর মেহেরপুর জেলার শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ পর্যায়) নির্বাচিত হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজ, গাংনী, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান (মাধ্যমিক পর্যায়) নির্বাচিত হয়েছে মোঃ হাবিবুর রহমান, অধ্যক্ষ, সন্ধানী স্কুল এন্ড কলেজ, গাংনী, শ্রেষ্ঠ শিক্ষার্থী (মাধ্যমিক পর্যায়) নির্বাচিত হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের ৮ম শ্রেণির আতকিয়া ফাইজা, কলেজ পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষার্থী হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির জান্নাতুস ছামানিয়া ছোঁয়া, শ্রেষ্ঠ গালর্স গাইড শিক্ষক নির্বাচিত হয়েছে শুকেশ চন্দ্র বিশ্বাস, সহকারী শিক্ষক, শ্রেষ্ঠ গালর্স গাইড লিডার নির্বাচিত হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের ৮ম শ্রেণির আতকিয়া ফাইজা, শ্রেষ্ঠ গালর্স গাইড গ্রুপ নির্বাচিত হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের গালর্স গাইড গ্রুপ, বাংলা রচনায় ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির মোছাঃ হালিমা খাতুন, ইংরেজি বক্তব্যে ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির সানজিদা আক্তার যুথি, খ গ্রুপে একক বিতর্কে ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের ৯ম শ্রেণির উম্মে জুমাইল জান্নাত, গ গ্রুপে একক বিতর্কে ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির হালিমা খাতুন, তাৎক্ষণিক অভিনয়ে ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির মোছাঃ হালিমা

খাতুন এবং নজরুল সঙ্গীত, দেশাত্মবোধক গান ও লোকগীতিতে ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির জান্নাতুস ছামানিয়া ছোঁয়া।

বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতায় জেলার ৮ জন সেরা মেধাবী ছাত্রাছাত্রী নির্বাচিত হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজ থেকে। জেলা পর্যায়ে ৮ জন সেরা মেধাবী ছাত্রছাত্রীরা হলো- দৈনন্দিন বিজ্ঞানে ৭ম শ্রেণির লাইবা জামান, ১০ম শ্রেণির জ্যুয়িনা ইসলাম ও ১২শ শ্রেণির নাজমুস সাকিফ গণিত ও কম্পিউটারে ৮ম শ্রেণির মুবিনা ইসলাম ও দ্বাদশ শ্রেণির নাজমুস সাকিফ, ভাষা ও সাহিত্যে ৯ম শ্রেণির উম্মে জুমাইল জান্নাত ও ১২শ শ্রেণির জয়া আফরিন মিষ্টি এবং বাংলাদেশ স্টাডিজে ১২শ শ্রেণির ইফ্ফাত নওশীন রাকা। বিজয়ী ছাত্রছাত্রী ও শিক্ষকমন্ডলীকে সন্ধানী সংস্থার পক্ষ থেকে অভিনন্দন।

“জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৩” প্রতিযোগিতায় জেলা পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (মাধ্যমিক)-সহ ০৯টি ইভেন্টে প্রথম স্থান অধিকার করেছে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা।

এছাড়াও জেলার শ্রেষ্ঠ স্কাউটস দল নির্বাচিত হয়েছে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের স্কাউটস দল।

১.হামদ নাত:ক গ্রুপে রুহানি ইসলাম ফারিন(শ্রেণি:৮ম) ২. ইংরেজি রচনা: ক গ্রুপে সোহানুর রহমান (শ্রেণি: ৮ম) ৩. ইংরেজি রচনা: খ গ্রুপে হাসিনা খাতুন (শ্রেণি:১০ম) ৪. জারী গান: খ গ্রুপে উলমাতুন নেছা পূর্ণিমা ও তার দল ৫. দেশোত্মবোধক গান: (ক) গ্রুপ:কামিনি (৬ষ্ঠ) ৬. রবীন্দ্রসংগীত: (খ) গ্রুপ: সোনিয়া (শ্রেণি: ১০ম), ৭.উচ্চাঙ্গ সংগীত: (ক) গ্রুপ: মার্দিয়া জামান মমো (শ্রেণি: ৮ম) . উচ্চাঙ্গ সংগীত: (খ) গ্রুপ: উলমাতুন নেছা পূর্ণিমা (শ্রেণি: ১০ম) ৯. লোকসংগীত: (ক) গ্রুপ: সামিউল ইসলাম (শ্রেণি: ৬ষ্ঠ)।

এসময় অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাসসহ প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।